তারিখ 14 JAN 2016
পৃষ্ঠা ১-১৬ কলাম ২

দৈনিক জনকণ্ঠ

# টঙ্গীবাড়ীতে প্রধান শিক্ষকের অপসারণ দাবিতে বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার, মুন্সীগঞ্জ ॥** কিল ঘুসি মেরে ছাত্র-ছাত্রীদের আহত করা, ভর্তি, ফরম পূরণে বাণিজ্য ও প্রধান শিক্ষকের নৈরাজ্যের বিরুদ্ধে টঙ্গীবাড়ীতে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন কর্মসূচী পালন করা হয়েছে।

বুধবার বেলা ১১টা হতে দুপুর ১টা পর্যন্ত ২ ঘণ্টাব্যাপী স্কুলের পাশের হাসাইল কালিবাড়ি সংযোগ সড়কে এ মানববন্ধন ও বিক্ষোভ মিছিল কর্মসূচী পালন করে টঙ্গীবাড়ী উপজেলার ব্রাহ্মণভিটা ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। জানা গেছে, ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক স ম নাসিমউদ্দিন মাহতাব মঙ্গলবার সকালে ওই বিদ্যালয়ের এসএসসি পরিক্ষার্থী পারভেজকে কিল-ঘুসি মেরে গুরুতর আহত করে। এ সময় ওই শিক্ষকের হামলায় ওই ছাত্রের গলা ও গালে রক্তাক্ত জখম হয়। এর গত প্রায় ১৫ দিন আগে ওই বিদ্যালয়ের অপর এসএসসি পরিক্ষার্থী রবিনকেও কিল-ঘুসি মেরে আহত করে প্রধান শিক্ষক। বিক্ষুব্ধ ছাত্র-ছাত্রীরা জানান, প্রধান শিক্ষক প্রতিনিয়ত তুচ্ছ কারণে ছাত্র এমনকি ছাত্রীদেরও গায়ে হাত দিয়ে কিল-ঘুসি মেরে গুরুতর জখম করে। শিক্ষক বেতের পরিবর্তে কেচি ও খুর নিয়ে বিদ্যালয় ক্যাম্পাসে ঘোরাফেরা করে। কোন ছাত্রের একটু চুল বড় হলে নিজেই কেচি দিয়ে তা কেটে দেয় এবং খুর দিয়ে ভয় দেখায়। এছাড়া এসএসসি পরীক্ষার ফরম পূরণে বোর্ড ফি ১৪০৫ টাকা হলে ছাত্র-ছাত্রীদের কাছ হতে ৪৭০০ টাকা আদায় করে বলে ভুক্তভোগী ছাত্র-ছাত্রীরা জানান। প্রতিক্লাসে ভর্তি ফি বাবদ আদায় করা হচ্ছে ১২৫০ থেকে ১৩৫০ টাকা। গরিব ছাত্র-ছাত্রীরা ৫০ টাকা কম দিলেও তাদের ভর্তি না করে স্কুল থেকে তাড়িয়ে দেয়ার অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে প্রধান শিক্ষক স ম নাসিমউদ্দিন মাহতাব জানান, যাই হয়েছিলো মিটমাট হয়ে গেছে রির্পোট করার দরকার কী? অতিরিক্ত টাকা আদায়ের ব্যাপারে তিনি জানান, এটা স্কুল ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নেয়া হয়েছে। এ ব্যাপারে মুন্সীগঞ্জ জেলা শিক্ষা কর্মকর্তা শরিফুল ইসলাম জানান, ভর্তি ফি এতো টাকা না। সঠিক ভর্তি ফি এর বেশি নিলে অবশ্যই তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।